



ঢাকসু নিয়ে ঢাবিতে লাইভ চলাকালে প্রাণ হারালেন সাংবাদিক তরিকুল শিবলী



সংগৃহীত ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনের সংবাদ সংগ্রহকালে হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে মারা গেছেন চ্যানেল এস টেলিভিশনের সিনিয়র রিপোর্টার তরিকুল শিবলী (৪০)। কার্জন হলে লাইভ সম্প্রচারের সময় হঠাৎ অসুস্থ হয়ে তিনি অচেতন হয়ে পড়েন। পরে সহকর্মীরা দ্রুত ঢাকা মেডিকলে নিলেও চিকিৎসক মৃত ঘোষণা করেন। মঙ্গলবার (৯ সেপ্টেম্বর) দুপুর দেড়টার দিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হলে ডাকসু নির্বাচনের সংবাদ সংগ্রহ করছিলেন তরিকুল শিবলী। প্রত্যক্ষদর্শীদের মতে, তিনি সরাসরি সম্প্রচারে (লাইভ) ছিলেন, এসময় হঠাৎ অচেতন হয়ে মাটিতে লুটিয়ে পড়েন। সহকর্মীরা দ্রুত তাকে উদ্ধার করে ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালের জরুরি বিভাগে নিয়ে গেলে চিকিৎসক মৃত ঘোষণা করেন।

ঢামেক হাসপাতাল পুলিশ ক্যাম্পের ইনচার্জ (পরিদর্শক) মো. ফারুক মৃত্যুর খবর নিশ্চিত করে জানান, মরদেহ মর্গে রাখা হয়েছে এবং বিষয়টি সংশ্লিষ্ট থানাকে অবহিত করা হয়েছে। চিকিৎসকের প্রাথমিক ধারণা, হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে তার মৃত্যু হয়েছে। তবে ময়নাতদন্তের প্রতিবেদন হাতে পেলে প্রকৃত কারণ জানা যাবে।

কুমিল্লার বুড়িচং উপজেলার বাসিন্দা তরিকুল শিবলী দীর্ঘদিন সাংবাদিকতায় যুক্ত ছিলেন। উত্তরার দিয়াবাড়ি এলাকায় পরিবার নিয়ে বসবাস করতেন তিনি। দুই কন্যাসন্তানের জনক ছিলেন এই সাংবাদিক